গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

১৬ শ্রাবণ, ১৪২৪

পত্র নং-১৮.০০.০০০০.০২৩.০৬.০২৬.১৭-১০০ তারিখঃ------------------
৩১ জুলাই, ২০১৭

বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান এঁর সভাপতিত্বে ২০ জুলাই, ২০১৭ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে আনুষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ বর্ণনামতে।**

৩১.৭.২০১৭
(মোঃ নজরুল ইসলাম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৮১৭

বিতরন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বাণিজ্যিক) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
৫। যুগ্মসচিব (প্রশাসন/টিসি-বিএসসি) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহণ মন্ত্রণালয়।
৬। যুগ্মপ্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক বিষয় সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শাজাহান খান, এম.পি
: মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময় : ২০-০৭-২০১৭, বিকাল ৩-০০ ঘটিকা।
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৌপরিবহন সচিব মহোদয় বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক-কে সভার বিষয়বস্তু উপস্থাপন করার অনুরোধ জানান। অতঃপর বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক বিগত ৩০-০১-২০১৭ তারিখে অনুষ্ঠিত আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা মোতাবেক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃনং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| (১) | চায়না এক্সিম ব্যাংকের ঋণের অর্থায়নে ৬টি জাহাজ ক্রয়/ সংগ্রহ। | বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, আলোচ্য প্রকল্পের আওতায় জাহাজ সংগ্রহের নিমিত্ত জাহাজ নির্মাণ চুক্তির শর্ত ও স্পেসিফিকেসন অনুযায়ী জাহাজ নির্মাণে বিএসসির পক্ষে গুনগত মান নিশ্চিতকরনের জন্য আন্তর্জাতিক মানসম্পন্ন প্রতিষ্ঠান DNV-GL Germany-কে Buyer's supervisor হিসাবে নিয়োগ প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে গত ২০.০৪.২০১৭ তারিখে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং তদানুযায়ী প্রতিষ্ঠানটির প্রতিনিধিদল বর্তমানে প্রকল্প সাইটে কর্মরত আছে। তাছাড়া, নৌপরিবহন মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী ইতোমধ্যে চায়নাস্থ শিপইয়ার্ড পরিদর্শনপূর্বক ১৯-০৫-২০১৭ তারিখে জাহাজের মেসিভ প্লেট কাটিং উদ্বোধন করেছেন । উল্লেখ্য, গত ২৯-১২-২০১৬ তারিখে ১ম কিস্তির অর্থ পরিশোধ করা হয়। অধিকন্তু, চুক্তির শর্তানুযায়ী গত ০৮-০৬-২০১৭ তারিখে ২য় কিস্তির অর্থ বাবদ আরএমবি ১৭৯,৯৯৯,৮৬০.৫০ (টাকা | চুক্তির শর্ত ও স্পেসিফিকেশন অনুযায়ী জাহাজসমূহ যথাযথভাবে নির্মান ও নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহের জন্য এমডি, বিএসসি এবং প্রকল্প পরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন। |

| | | | |
|---|---|---|---|
| | | ২২১.৪০ কোটি মাত্র) সিএমসিকে প্রদানের নিমিত্ত নৌপরিবহন মন্ত্রনালয়ের মাধ্যমে ইআরডিকে পত্র প্রেরন করা হলে ১৩-০৬-২০১৭ তারিখে ইআরডি তা চায়না দুতাবাসের মাধ্যমে চায়না এক্সিম ব্যাংকে পরিশোধর জন্য প্রেরণ করে। | |
| (২) | বিএসসি'র নিজস্ব অর্থায়নে ১টি প্রোডাক্ট অয়েল ট্যাংকার ক্রয় । | বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, আলোচ্য প্রকল্পের অধীনে জাহাজটি ক্রয়ের লক্ষ্যে পিপিআর-২০০৮ এর সরাসরি ক্রয় পদ্ধতি (ডিপিএম) অনুসরণ করে দরপত্র আহবান করা হয়। অতঃপর আলোচ্য প্রকল্পটি যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদন প্রাপ্তির পর বিএসসি কর্তৃক নারায়ণগঞ্জ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ লিমিটেডকে বিগত ২৭-০২-২০১৭ তারিখে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান করা হয়। অতঃপর দরপত্র দলিলের শর্ত মোতাবেক জাহাজটির Pre-purchase inspection (PPI) সম্পন্নকরণের লক্ষ্যে ডকইয়ার্ড কর্তৃপক্ষ তাদের ১১-৫-২০১৭ তারিখের পত্র মারফত ২০ মে, ২০১৭ তারিখ ইতালির রেভিনা বন্দরে বিএসসির মনোনীত প্রতিনিধিবৃন্দকে উপস্থিত থাকার অনুরোধ জানান। উক্ত বন্দরে গমনের জন্য যথাসময়ে সরকারি আদেশ জারি করা হলেও ভিসা না পাওয়ায় PPI এ যাওয়া সম্ভব হয়নি। উক্ত ইন্সপেকশন না হওয়ায় প্রকল্পটি বাস্তবায়ন সংক্রান্ত স্টিয়ারিং কমিটির ১৩-০৬-২০১৭ তারিখের সভায় আগামী জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত (ইন্সপেকশন না হওয়া পর্যন্ত) জাহাজটিকে ভারতে অবস্থান নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে PPI এর সকল শর্ত সম্পন্ন করানোর লক্ষ্যে পরিদর্শন টিমের ৪(চার) জন সদস্যকে আগামী ৫-১০ জুলাই, ২০১৭ অথবা পরিদর্শনের প্রকৃত সময় হতে ৫(পাঁচ) দিনের জন্য ভারত সফরের সরকারি আদেশ জারি হয়েছে। PPI এ যাওয়ার পূর্বে ডকইয়ার্ড থেকে বৈরি আবহাওয়ার জন্য উক্ত সফর বাতিলের অনুরোধ করা হয়। সর্বশেষ ডকইয়ার্ড কর্তৃক উক্ত জাহাজ PPI এর জন্য চীনে আগামী ৫ আগষ্ট, ২০১৭ তারিখ পুনঃনির্ধারণ করা হয়। সে মোতাবেক চীনে উক্ত জাহাজ inspection এর জন্য সরকারি আদেশ জারির জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | দরপত্র দলিলের শর্ত মোতাবেক জাহাজটির Pre-purchase inspection সম্পন্নকরণ পূর্বক জরুরিভিত্তিতে জাহাজটি ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(দায়িত্বঃ বিএসসি)। |

| | | | |
|---|---|---|---|
| (৩) | বিএসসি'র ঢাকাস্থ নিজস্ব জায়গায় বহুতল ভবন নির্মাণ প্রকল্প। | বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, নবনির্মিত বিএসসি টাওয়ার মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১৫ এপ্রিল, ২০১৭ তারিখে উদ্বোধন করা হয়েছে এবং ভবনটি ভাড়া দেওয়ার কার্যক্রম ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। কিছু সংখ্যক ফ্লোর ভাড়া দেয়া হয়েছে এবং খালি ফ্লোর ভাড়ার প্রক্রিয়া চলমান রয়েছে। | বিএসসি টাওয়ারের স্পেস ভাড়ার জন্য প্রতিশ্রুতিবদ্ধ সরকারি সংস্থাগুলোর সাথে যোগোযোগপূর্বক ভাড়া প্রদান কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। |
| (৪) | বিএসসি ও চবক কর্তৃক জয়েন্ট ভেঞ্চারে মাদার ট্যাংকার ক্রয় ও পরিচালনা। | বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, জয়েন্ট ভেঞ্চারে বাণিজ্যিকভাবে লাভজনক হয় এরূপ সমুদ্রগামী জাহাজ ক্রয়ের লক্ষ্যে চবক এবং বিএসসি'র উপযুক্ত প্রতিনিধির সমন্বয়ে একটি যৌথ টীম গঠনের নিমিত্ত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়। গত ০৯-০৬-২০১৬ তারিখ চবক এর সদস্য (অর্থ) জনাব মোঃ কামরুল আমিনকে আহবায়ক করে ৭(সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি গত ০৪-০৮-২০১৬ তারিখে চূড়ান্ত প্রতিবেদন চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বরাবর দাখিল করে, যা চবক এর বোর্ড সভায় উপস্থাপনের নিমিত্ত প্রক্রিয়াধীন রয়েছে । | কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনতিবিলম্বে চবক এর বোর্ড সভায় উপস্থাপন ও অনুমোদন ত্বরান্বিতকরণে বিএসসি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। |
| (৫) | বিএসসি'র এফডিআর হিসাবসমূহের সর্বাধিক মুনাফা নিশ্চিতকরণ | বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, সংস্থার আমানতসমূহ বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন অনুসরণপূর্বক আমানত সংক্রান্ত গঠিত অভ্যন্তরীণ কমিটির সুপারিশের আলোকে সর্বাধিক মুনাফা হারে বিনেয়োগ করা হচ্ছে। | সরকারি নীতিমালা অনুসরণপূর্বক সর্বাধিক মুনাফা অর্জনের লক্ষ্যে স্থায়ী আমানতসমূহ বিভিন্ন ব্যাংকে বিনিয়োগ নিশ্চিত করতে হবে। |
| (৬) | বিএসসি'র চট্টগ্রাম ও খুলনাস্থ নিজস্ব জমিতে ভবন নির্মাণ কার্য সম্পাদন। | বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, চট্টগ্রামস্থ বিএসসির জায়গায় যৌথ উদ্যোগে স্থাপনা নির্মাণের জন্য বেশ কয়েকবার EOI আহবান করা হয়। কিন্তু কোন প্রস্তাব পাওয়া যায়নি। তিনি বলেন যে, উক্ত জমি দখলমুক্ত রাখার জন্য জমির চতুর্দিকে দেয়াল নির্মাণ করা যেতে পারে। এছাড়া উক্ত জমিতে রিসোর্টসহ পিকনিক স্পট তৈরীর উদ্যোগ গ্রহণ এবং খালি জমিতে সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে পরিকল্পনা করে গাছ লাগানোর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। প্রথম সারিতে কিছু দোকান নির্মাণ করা যায় কিনা এ বিষয়ে পরীক্ষাপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | (ক) চট্টগ্রামস্থ জমি দখলমুক্ত রাখার জন্য জমির চতুর্দিকে দেয়াল নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) উক্ত জমিতে রিসোর্টসহ পিকনিক স্পট তৈরীর উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(গ) খালি জমিতে সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে পরিকল্পনা করে গাছ লাগানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) প্রথম সারিতে কিছু দোকান নির্মাণ করা যায় কিনা এ বিষয়ে |

| | | | |
|---|---|---|---|
| | | | পরীক্ষাপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| (৭) | জি টু জি ভিত্তিতে জাহাজ সংগ্রহের কার্যক্রম। | বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, গত ৩০-১১-২০১৬ তারিখে অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় সিদ্ধান্ত এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ০৯-০৩-২০১৭ তারিখের পরিপত্র অনুযায়ী চীনা সরকারের অর্থায়নে (Chinese Government Concessional loan and Preferential Buyers Credit) বাস্তবায়িতব্য সকল প্রকল্পের ক্ষেত্রে সীমিত দরপত্র পদ্ধতি অনুসরণে চীনা ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচিত করার বিষয়টি উল্লেখ করা হয়েছে। ইতোমধ্যে জিটুজি ভিত্তিতে জাহাজ সংগ্রহে গৃহীত প্রকল্পগুলো বাস্তবায়নের লক্ষ্যে বহুমুখী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এতৎসংক্রান্ত বিএসসি'র ৩টি প্রকল্পের অগ্রগতি সম্পর্কে নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়ঃ<br>(ক) দুইটি নতুন প্রতিটি ৩০,০০০-৩৫,০০০ ডিডব্লিউটি সম্পন্ন ক্যেমিক্যাল/ ক্রুড অয়েল ট্যাংকার ক্রয়ের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের পরিপত্রের নির্দেশনা মোতাবেক চীন সরকারের নিকট প্রস্তাব প্রেরণের লক্ষ্যে মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদন গ্রহণের জন্য গত ০৪-০৫-২০১৭ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। যা মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে এবং চায়না দুতাবাসে পত্র প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে মর্মে ইআরডি থেকে জানা যায়। এছাড়াও উল্লিখিত ২টি জাহাজ ক্রয় সংক্রান্ত প্রকল্পের ক্ষেত্রে উক্ত সীমিত দরপত্র পদ্ধতি অনুসরণ থেকে অব্যাহতির জন্য ইতোমধ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>(খ) দুইটি নতুন প্রতিটি ১,০০,০০০-১,২৫,০০০ ডিডব্লিউটি সম্পন্ন মাদার ট্যাংকার ক্রয়ের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের পরিপত্রের নির্দেশনা মোতাবেক চীন সরকারের নিকট প্রস্তাব প্রেরণের লক্ষ্যে মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদন গ্রহণের জন্য গত ০৪-০৫-২০১৭ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। যা মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে এবং চায়না দুতাবাসে পত্র প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে মর্মে ইআরডি থেকে জানা যায়।<br>(গ) চারটি নতুন প্রতিটি ১২০০-১৫০০ টিইউজ সম্পন্ন | নৌপরিবহন মন্ত্রণালয়, ইআরডি এবং অন্যান্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে যোগাযোগপূর্বক প্রকল্পগুলো এগিয়ে নেয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে (দায়িত্বঃ বিএসসি)। |

| | | | |
|---|---|---|---|
| | | সেলুলার কন্টেইনার জাহাজ ক্রয়ের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের পরিপত্রের নির্দেশনা মোতাবেক চীন সরকারের নিকট প্রস্তাব প্রেরণের লক্ষ্যে মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদন গ্রহণের জন্য গত ০৪-০৫-২০১৭ তারিখে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। যা মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে এবং চায়না দুতাবাসে পত্র প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে মর্মে ইআরডি থেকে জানা যায়। এছাড়াও উল্লিখিত ৪টি জাহাজ ক্রয় সংক্রান্ত প্রকল্পের ক্ষেত্রে উক্ত সীমিত দরপত্র পদ্ধতি অনুসরণ থেকে অব্যাহতির জন্য ইতোমধ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>(২) এছাড়াও ৩৫শ বৈদেশিক অনুসন্ধান কমিটির সিদ্ধান্ত এবং বিএসসি বোর্ডের অনুমোদনক্রমে সম্পূর্ণ জিওবি অর্থায়নের লক্ষ্যে ১০টি নতুন প্রতিটি ১০,০০০-১৫,০০০ ডিডব্লিউটি সম্পন্ন বাল্ক ক্যারিয়ার ক্রয় শীর্ষক প্রকল্পের ডিপিপি গত ১৯-০১-২০১৭ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | |

০৩। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানানোর মাধ্যমে সভার কাজ শেষ করা হয়।

(শাজাহান খান, এম.পি)
মন্ত্রী
নৌপরিবহন মন্ত্রণালয়।

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক বিষয় সংক্রান্ত সভায় মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাপতিত্বে ২০-০৭-২০১৭ তারিখ দুপুর ৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

| ক্রঃনং | কর্মকর্তার নাম ও পদবী | অফিস/কর্মস্থল | ফোন | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | মোঃ রফিকুল ইসলাম অতিরিক্ত সচিব | নৌপম | 01711198234 | [signature] |
| ০২। | [illegible] | নৌপম | 01711635252 | [signature] |
| ০৩। | মো: মনোয়ার হোসেন উপসচিব | নৌপম | 01820275474 | [signature] 20/7/17 |
| ০৪। | মোহাম্মদ ওবায়দুল আজম উপসচিব/সচিব | বি এস সি | 01879663868 | [signature] 20/7/17 |
| ০৫। | ইয়াসমিন আকতারুন্নাহার নি: পরি: (অর্থ) | বি. এস. সি. | 01712-046651 | [signature] 20.07.17 |
| ০৬। | মো: নজরুল ইসলাম সহকারী সচিব | নৌপম | 01552-498793 | [signature] 20.7.2017 |
| ০৭। | | | | |
| ০৮। | | | | |
| ০৯। | | | | |
| ১০। | | | | |
| ১১। | | | | |
| ১২। | | | | |
| ১৩। | | | | |
| ১৪। | | | | |
| ১৫। | | | | |
| ১৬। | | | | |